

ব্রিকস 'ডেভেলপমেন্ট পার্টানশিপ অ্যাডমিনিস্ট্রেটরস'-এর বৈঠক, নয়াদিল্লি (আগস্ট ৬-৭ ২০১৬)

২০১৬ সালে ব্রিকস-এর সভাপতি হিসাবে ভারত সরকারের পররাষ্ট্রমন্ত্রক আয়োজন করেছে ব্রিকস ডেভেলপমেন্ট পার্টানশিপ অ্যাডমিনিস্ট্রেটরস (ডিপিএ) বৈঠক, ৬-৭ আগস্ট, ২০১৬, নয়াদিল্লিতে। এ বছরের থিম সংবেদনশীলতার সঙ্গে ব্যাপক ও সমষ্টিগত সমাধানের সঙ্গতি রেখে ২০১৫ সালে রাশিয়ার সভাপতিত্বে গৃহীত সিদ্ধান্ত এগিয়ে নিয়ে যাওয়া, এই বৈঠকের লক্ষ্য এটাই।

ব্রিকস ডিপিএ-এর জন্য এই বৈঠক একটি মঞ্চ প্রদান করছে, যেখানে তারা বিশ্বজনীন, জাতীয় এবং তাৎপর্যপূর্ণ ক্ষেত্রবিশেষে উন্নয়নমূলক সহযোগিতার মতামত আদানপ্রদান করতে পারবেন এবং সর্বশ্রেষ্ঠ প্রচেষ্টার বিষয়ে মতামত প্রদান এবং সংশ্লিষ্ট এলাকায় অভিযোগের নীতিগত সমাধান করতে পারবেন। এছাড়াও ভারতীয় ডেভেলপমেন্ট কো-অপারেশন ফোরাম (এফআইডিসি), ভারতীয় পররাষ্ট্রমন্ত্রকের ত্রিপাক্ষিক উদ্যোগ ডেভেলপমেন্ট পার্টানশিপ অ্যাডমিনিস্ট্রেশন, উন্নয়ন সহযোগিতার বিভিন্ন দিক অন্বেষণের জন্য শিক্ষক ও সুশীল সমাজের সঙ্গে যোগাযোগ করার একটা সুযোগ তাঁরা পাবেন।

বিভিন্ন দেশের সম্মানীয় প্রতিনিধি দলের নেতৃত্বে থাকবেন— নয়াদিল্লির ব্রাজিল দূতাবাস থেকে জনাব ফাবিয়ানো বুখাডেট (ব্রাজিল), জনাব মিখাইল আরমোলোভ, কমনওয়েলথভুক্ত স্বাধীন রাষ্ট্রগুলি এবং বিদেশে বসবাসকারী সমমনভাবাপন্ন এবং আন্তর্জাতিক উন্নয়নমূলক মানবিক সহযোগিতা বিষয়ক সংস্থা, রাশিয়া ; জনাব দিনকার আস্তানা, যুগ্ম সচিব, ডেভেলপমেন্ট পার্টানশিপ প্রশাসন-২, পররাষ্ট্রমন্ত্রক (ভারত) এবং শ্রীমতি দিনাও ম্যাথলাকো, আন্তর্জাতিক সম্পর্ক ও সহযোগিতা দফতর (দক্ষিণ আফ্রিকা)। চিন গণপ্রজাতন্ত্রের দিল্লির প্রতিনিধি অংশ নেবেন।

নয়াদিল্লি

আগস্ট ০৩, ২০১৬